



ঢাকা কমার্স কলেজ



স্থাপিত - ১৯৮৯ খ্রিষ্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (NU), EHN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 48033903, 48036942, 48037357

E-mail: cdhakacommercecollege@yahoo.com, Website: www.dcc.edu.bd, Facebook: Dhaka Commerce College

স্মারক নং : ঢাকক-

তারিখ: ২৫/০৯/২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ২য় পর্ব পরীক্ষা ২০২২-এর আগামী ২০/১০/২০২২ হতে ০৩/১১/২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। প্রতি পত্রের পূর্ণমান ১০০ এবং সময় ৩ (তিন) ঘণ্টা। প্রতি বিষয়ের MCQ এবং CQ পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে। সকল শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। বিশেষ ক্ষেত্রে অসুস্থ শিক্ষার্থীর জন্য সিক বেডের ব্যবস্থা আছে। ৩য় ও ৪র্থ বিষয়ের পরীক্ষার জন্য রোল নম্বর অনুযায়ী পৃথক সিট প্ল্যান থাকবে। ১২/১০/২০২২ ও ১৩/১০/২০২২ তারিখ নিজ নিজ শ্রেণি কক্ষে শিক্ষার্থীদের মাঝে প্রবেশপত্র বিতরণ করা হবে। পরীক্ষা প্রস্তুতির জন্য ১৭/১০/২০২২ থেকে ১৯/১০/২০২২ তারিখ পর্যন্ত শ্রেণি কার্যক্রম স্থগিত থাকবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে:

- প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
- পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে;
- পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, মোবাইল, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি সঙ্গে আনা যাবে না;
- পরীক্ষা শুরু করার কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে;
- পরীক্ষার হলে কলম, পেনসিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি পরস্পর বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ;
- পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ থেকে ৬টি শব্দ লিখতে হবে;
- পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ ইউনিফর্ম পরিধান করে আসতে হবে;
- উত্তরপত্রের বাম পাশে ও ওপরে পেনসিল দিয়ে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে। এছাড়া চিত্র ব্যতীত অন্য কোথাও পেনসিল দিয়ে লেখা যাবে না।
- প্রবেশপত্র হারিয়ে গেলে, বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
২০/১০/২০২২ (বৃহস্পতিবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০১ ও ১০২	১০:০০টা-০১:০০টা
২৩/১০/২০২২ (রবিবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০৭ ও ১০৮	১০:০০টা-০১:০০টা
২৬/১০/২০২২ (বুধবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৭৫	১০:০০টা-০১:০০টা
২৭/১০/২০২২ (বৃহস্পতিবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	১০:০০টা-০১:০০টা
	পদার্থবিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৪ ও ১৭৫	
৩০/১০/২০২২ (রবিবার)	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	১০:০০টা-০১:০০টা
	রসায়ন ১ম ও ২য় পত্র	১৭৬ ও ১৭৭	
০১/১১/২০২২ (মঙ্গলবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	১০:০০টা-০১:০০টা
	উচ্চতর গণিত ১ম ও ২য় পত্র	২৬৫ ও ২৬৬	
০২/১১/২০২২ (বুধবার)	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	১০:০০টা-০১:০০টা
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	গার্হস্থ্য বিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৭৩ ও ২৭৪	
০৩/১১/২০২২ (বৃহস্পতিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	১০:০০টা-০১:০০টা
	জীববিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৮ ও ১৭৯	

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

আহ্বায়ক (পরীক্ষা কমিটি)

উপাধ্যক্ষ

অধ্যক্ষ